# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 June, 2025

জামালপুরের ইসলামপুরে আইনশৃঙ্খলা বাহিনীর পরিচয়ে গভীর রাতে নিজ বাড়ির উঠানে ইউপি সদস্য আব্দুর রহিমকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।

গেলো রাত ২ টার দিকে উপজেলার কুলকান্দি ইউনিয়নের জিগাতলা চর এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত আব্দুর রহিম কুলকান্দি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের সদস্য। তিনি কুলকান্দি ইউনিয়ন আওয়ামী লীগের যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক ছিলেন।

নিহত ইউপি সদস্য আব্দুর রহিমের স্ত্রী রেহানা বেগম জানান- আইনশৃঙ্খলা বাহিনীর পরিচয়ে রাতে নিজ ঘরের কক্ষ থেকে ডেকে বের করা হয় আব্দুর রহিমকে। বাড়ির উঠানে ১০-১২ জনের একটি দল উপর্যুপরি ধারালো অস্ত্র দিয়ে কোপানোর সময় আমরা বাঁধা দিতে আসলে আমাদেরও মারধর করা হয়।

পরে ঘটনা স্থলেই মারা যায় আব্দুর রহিম। এরপর পুলিশকে খবর দিলে সকালে নিহতের মরদেহ উদ্ধার করে থানায় আনা হয়।

ইসলামপুর থানার অফিসার ইনচার্জ আ স ম আতিকুর রহমান, বিষয়টি নিয়ে তদন্তের পাশাপাশি অভিযুক্তদের চিহ্নিত করতে কাজ করছে বলে জানিয়েছে পুলিশ।

হত্যা আওয়ামী লীগ ইসলামপুর জামালপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:33

URL: https://www.timestodaybd.com/across-the-country/3444203892